রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**শা-প্রজেই-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ই জ্যৈষ্ঠ ১৩৯৮/৩০শে মে ১৯৯১

এস, আর, ও নং ১৪০ আইন/৯১/শা-প্রজেই-৩/১আর-৬/৯০—Chittagong City Corporation Ordinance, 1982 (XXXV of 1982) এর section 155, Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983) এর section 157, Khulna City Corporation Ordinance, 1984 (LXXII of 1984) এর section 154 এবং রাজশাহী সিটি কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) এর ধারা ১৫৬তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার পৌর কর্পোরেশন কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮তে নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার—

(ক) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর—

(অ) "মাসিক মূল বেতনের" শব্দগুলির পরিবর্তে "দুই মাসের মূল বেতনের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) শর্তাংশের "২৫" সংখ্যার পরিবর্তে "৫০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;



মূল্য : ৫০ পয়সা

(খ) বিধি ১৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, কর্পোরেশনে পাঁচ বৎসর চাকুরী সমাপ্ত করিয়াছেন এমন কোন কর্মচারী যদি তাহার দায়িত্ব পালন করার পর অসুস্থ হইয়া বা আঘাতপ্রাপ্ত হইয়া মৃত্যুবরণ করেন তাহা হইলে তাহার পরিবারকে, সরকারের পূর্বানুমোদনক্রমে, এতদুর চাকুরীর প্রতিটি পূর্ণাঙ্গ বৎসরের জন্য তাহার সর্বশেষ দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং উক্তরূপ মাসের মূল বেতনের ভিত্তিতে আরও দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ আনুতোষিকের পরিমাণ কোন অবস্থাতেই অনুরূপ ৫০ (পঞ্চাশ) মাসের মূল বেতনের অধিক হইবে না।

ব্যাখ্যা: এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কোন আংশিক বৎসরের চাকুরীর ক্ষেত্রে চাকুরীর মেয়াদ অন্যূন ১৮৫ দিন হইলে উহাকে পূর্ণ বৎসর বলিয়া গণ্য করা হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: খলিউজ্জামান

উপ-সচিব।

মো: সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মো: আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।